

আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে জাতিসংঘ মহাসচিব কফি আনানের বাণী

১৩ অক্টোবর ২০০৪

এ বছর আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবসের প্রতিপাদ্য হল – “আজকের দুর্যোগ থেকে আগামীর জন্য শিক্ষা নেওয়া”। এ প্রতিপাদ্য আমাদেরকে দুর্যোগ থেকে শিক্ষা গ্রহণের গুরুত্ব ও প্রয়োজনীয়তা স্মরণ করিয়ে দেয়। একটি দুর্যোগ ঘটার পর সরকারি কর্তৃপক্ষ, ব্যবসায়ী ও নাগরিক সম্প্রদায় এবং স্বতন্ত্র ব্যক্তি সবারই জিজ্ঞাসা হওয়া উচিত— মানুষের জানমাল রক্ষার্থে পূর্ব সতর্কীকরণসহ এ জাতীয় যথার্থ ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল কি? সবাইকে দৃঢ় সংকল্পবদ্ধ হওয়া উচিত যাতে আগের ভুলের পনরাবৃত্তি না ঘটে। তথ্য শৃংখল ও সিদ্ধান্ত গ্রহণের উন্নয়ন ঘটাতে সবাইকে একযোগে কাজ করতে হবে। যাতে লোকজন পুনরায় দুর্যোগ আঘাত হানার আগেই ভালভাবে প্রস্তুত থাকে। অল্প বয়সী ছেলেমেয়েদেরও স্কুল কলেজ ও সামাজিক নেটওয়ার্কের মাধ্যমে এসব শিক্ষা লাভে উদ্বুদ্ধ করা উচিত। শিক্ষামূলক কর্মকাণ্ড ও সামাজিক ঝুঁকি চিহ্নিতকরণ অনুশীলনে অংশগ্রহণ এবং উত্তম প্রতিরোধ কৌশল শিক্ষার আদানপ্রদান ইত্যাদি করে তরুণ ছেলেমেয়েরা জীবনমুখী জ্ঞান লাভ করতে পারে এবং তাদের সম্প্রদায়ের দুর্যোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করতে পারে। বৈশ্বিক পর্যায়েও অনেক কিছু শেখার আছে। আগামী বছর জাপানের কুবেতে অনুষ্ঠিতব্য “দুর্যোগ প্রশমনে বিশ্ব সম্মেলন” সিদ্ধান্ত গ্রহণেতা ও বিশেষজ্ঞদেরকে গত এক দশকে ঘটে যাওয়া দুর্যোগ থেকে আমাদের প্রত্যক্ষ অভিজ্ঞতা ও শিক্ষার মূল্যায়ন করার সুবর্ণ সুযোগ এনে দেবে এবং এ সম্মেলন শিক্ষা বাস্তবায়নের জন্য সুস্পষ্ট দিকনির্দেশনাও দেবে। ভূমিকম্প, হ্যারিকেন, বন্যা, আগ্নেয়গিরির অগ্নুৎপাত এবং অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ আমাদের জীবনের অবিচ্ছেদ্য অঙ্গ। এদের কাছে আমাদের বিপন্নতার মাত্রা উলে-খ না করলেও হয়। ক্যারিবিয়ান অঞ্চলের সাম্প্রতিক হ্যারিকেন মৌসুমে আমরা দেখলাম, যেসব সম্প্রদায় বেশি প্রস্তুত ছিল তাদের ক্ষয়ক্ষতি কম হয়েছে। দুর্যোগ আঘাত হানার পর স্থানীয় কর্তৃপক্ষ ও আন্তর্জাতিক সাহায্যকারীদের প্রথম কাজ হল ক্ষতিগ্রস্তদের কাছে তাৎক্ষনিক ত্রাণ পৌঁছে দেওয়া। কিন্তু সংশ্লিষ্ট সকলকে যা ঘটে গেছে তা থেকে অবশ্যই শিক্ষা নিতে হবে, সম্প্রদায়গুলোকে আরো দুর্যোগ সহনীয় করতে হবে এবং ভবিষ্যতে ঝুঁকি হ্রাসের জন্য প্রস্তুতি গ্রহণ করতে হবে। আজ দুর্যোগ প্রশমন দিবসে আসুন আমরা এ লক্ষ্যে কাজ করার জন্য নিজেদেরকে পুনঃনিবেদিত করি।

* * * *